## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- হজ্জ বীমা (লাভসহ)
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- বহু কিস্তি বীমা (লঅভসহ)
- শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম
- সামাজিক নিরাপত্তা বীমা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)


সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।"

### ম্যারেজ এন্ডাওমেন্ট পলিসি (লাভসহ) (টেবিল-০৭)
### Marriage Endowment policy (With Profit) (Table-07)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd


# ম্যারেজ এন্ডাওমেন্ট পলিসি (লাভসহ) (টেবিল-০৭)
# Marriage Endowment policy (With Profit) (Table-07)




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)


মুদ্রণ: ০১/০৬/২০২৩

## তালিকা-০৭
## ম্যারেজ এন্ডাওমেন্ট পলিসি (লাভসহ)

### ভূমিকা:
এই বীমা পরিকল্পনার মূল লক্ষ্য হচ্ছে অভিভাবকগণকে তাঁদের সন্তানদের বিবাহকালীন ব্যয় নির্বাহের আর্থিক দুশ্চিন্তা থেকে মুক্ত রাখা। এছাড়াও সন্তানদের উচ্চ শিক্ষা বা অন্য নানাবিধ ভবিষ্যৎ বিশেষ প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে উপর্যুক্ত মেয়াদে এ বীমা পলিসি ক্রয় করলে বীমা গ্রাহকদের ঐ সমস্ত প্রয়োজনের সম্ভাব্য ব্যয় বীমার মাধ্যমে মেটাতে সক্ষম হবেন।

### যাদের জন্য উপযোগী:
যে সমস্ত পিতা/মাতা তার সন্তানদের বিবাহকালীন ব্যয় এবং সন্তানের উচ্চ শিক্ষার খরচের নির্বাহের জন্য দুঃশ্চিন্তাগ্রস্থ তাদের জন্যই এই পরিকল্পটি। পুরুষ এবং মহিলা যাদের বয়স ২০ বছরের কম বা ৫০ বছরের বেশী নয় তারা এই পলিসিটি ক্রয় করতে পারবেন ।

### বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:
- প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন বয়স ২০ বছর এবং সর্বোচ্চ ৫০ বছর।
- মেয়াদ: ০৫ থেকে ২০ বছর ।
- মেয়াদ পূর্তিকালীন সর্বোচ্চ বয়স: ৬৪ বছর।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।
- সর্বনিম্ন ০৫ (পাঁচ) বছর এবং সর্বোচ্চ ২০ (বিশ) বছর মেয়াদের জন্য এ পলিসি গ্রহণ করা যায়।
- এ পরিকল্পনায় বীমাকৃত টাকা অর্জিত বোনাসসহ কেবল বীমার মেয়াদ অতিক্রান্ত হওয়ার পরই পাওয়া যায়।
- যদি মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হয়, তাহলে মৃত্যুর দিন থেকে মেয়াদ পূর্তির দিন পর্যন্ত দেয় সকল প্রিমিয়াম মওকুফ হয়ে হয়ে যায় এবং মেয়াদান্তে পূর্ণ মেয়াদের অর্জিত বোনাসসহ বীমাকৃত টাকা নমীনিকে প্রদান করা হয়।
- যে সন্তানদের জন্য এ বীমাপত্র নেওয়া হয়, বীমার মেয়াদকালে তার মৃত্যু হলে ১ম বছরের প্রিমিয়াম বাদে প্রদত্ত সকল প্রিমিয়াম অর্জিত বোনাসসহ ফেরত দেওয়া হয়। অন্যথায়, গৃহীত বীমা অন্য কোন সন্তানের উপকারার্থে চালু রাখা যেতে পারে।
- এ বীমায় সমর্পণ মূল্য ও ঋণ প্রদান করা হয়।
- এ বীমার সঙ্গে কোন অতিরিক্ত সুবিধার (Supplementary benefit) বীমা গ্রহণ করা যায় না।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

## তালিকা-০৭
## ম্যারেজ এন্ডাওমেন্ট পলিসি (লাভসহ)

**(প্রতি হাজার বীমা অংকের জন্য প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের হার)**

| মেয়াদ (বছর) | অবিভাবকের নিকটতম জন্মদিন বয়স | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২৫ | ৩০ | ৩৫ | ৪০ | ৪৫ | ৫০ |
| ০৫ | ২১০.৪০ | ২১০.৫০ | ২১০.৬০ | ২১১.১০ | ২১২.০০ | ২১৩.৭০ |
| ০৬ | ১৭৫.০৫ | ১৭৫.১৫ | ১৭৫.৩০ | ১৭৫.৮৫ | ১৭৬.৮৫ | ১৭৮.৬৫ |
| ০৭ | ১৪৯.৮০ | ১৪৯.৯০ | ১৫০.১০ | ১৫০.৬৫ | ১৫১.৭৫ | ১৫৩.৬০ |
| ০৮ | ১৩০.৯০ | ১৩১.০০ | ১৩১.২০ | ১৩১.৮০ | ১৩২.৯০ | ১৩৪.৯০ |
| ০৯ | ১১৬.১০ | ১১৬.২০ | ১১৬.৫০ | ১১৭.১০ | ১১৮.২৫ | ১২০.৩০ |
| ১০ | ১০৪.৩০ | ১০৪.৪০ | ১০৪.৭০ | ১০৫.৩০ | ১০৬.৬০ | ১০৮.৭০ |
| ১১ | ৯৪.৬০ | ৯৪.৮০ | ৯৫.০০ | ৯৫.৭০ | ৯৭.০০ | ৯৯.২০ |
| ১২ | ৮৬.৬০ | ৮৬.৭০ | ৮৭.০০ | ৮৭.৮০ | ৮৯.০০ | ৯১.২০ |
| ১৩ | ৭৯.৮০ | ৭৯.৯০ | ৮০.২০ | ৮০.৯০ | ৮২.৩০ | ৮৪.৬০ |
| ১৪ | ৭৩.৯০ | ৭৪.০০ | ৭৪.৪০ | ৭৫.২০ | ৭৬.৬০ | ৭৮.৯০ |
| ১৫ | ৬৮.৮০ | ৬৯.০০ | ৬৯.৩০ | ৭০.১০ | ৭১.৬০ | - |
| ১৬ | ৬৪.৩০ | ৬৪.৫০ | ৬৪.৯০ | ৬৫.৭০ | ৬৭.২০ | - |
| ১৭ | ৬০.৪০ | ৬০.৬০ | ৬১.০০ | ৬১.৯০ | ৬৩.৪০ | - |
| ১৮ | ৫৬.৯০ | ৫৭.১০ | ৫৭.৬০ | ৫৮.৪০ | ৬১.৯০ | - |
| ১৯ | ৫৩.৮০ | ৫৪.০০ | ৫৪.৫০ | ৫৫.৪০ | ৫৭.০০ | - |
| ২০ | ৫১.০০ | ৫১.২০ | ৫১.৭০ | ৫২.৬০ | - | - |

**উদাহরণ:**
৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ১০ লক্ষ টাকার ১টি **'ম্যারেজ এন্ডাওমেন্ট পলিসি (লাভসহ)'** জীবন বীমা কর্পোরেশন হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবী নিম্নরূপ:

**(ক ) ১০ বছর মেয়াদ:**
১০ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ১,০০,৭০০/- টাকা। ১০ বছর মেয়াদের ক্ষেত্রে মোট প্রিমিয়াম ১,০০,৭০০×১০=১০,০৭,০০০/- টাকা।
- মেয়াদ শেষে বোনাসসহ পাবে ২০×১০× ১০০০=১২,০০,০০০/- টাকা (বর্তমান রেট অনুযায়ী)।
- মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে নমীনিকে পরবর্তী মেয়াদের জন্য প্রিমিয়াম দিতে হবে না। মেয়াদ শেষে পূর্ণ মেয়াদের অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদান।
- যদি ৫ বছর চালু থাকার পর যে সন্তানের জন্য এ বীমা নেয়া হয়, সে মারা যায় তাহলে ১ বছরের প্রিমিয়াম বাদ দিয়ে অর্জিত বোনাসহ মোট (৫-১) = ৪ × ১,০০,৭০০ + বোনাস ৪,০২,৮০০ + (২০×৫×১০০০) = ৫,০২,৮০০/- টাকা।

**(খ) ১৬ বছর মেয়াদ:**
১৬ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৬০,৯০০/- টাকা। ১৬বছরে মোট প্রিমিয়াম ৬০,৯০০ × ১৬ = ৯,৭৪,৪০০/- টাকা।
- মেয়াদ শেষে অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদেয় ১০,০০,০০০ + ৫২ × ১৬ × ১০০০ = ১৮,৩২,০০০/- টাকা (বর্তমান রেট অনুযায়ী)।
- মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের অনাকাঙ্ক্ষিত মৃত্যু হলে নমীনিকে পরবর্তী মেয়াদের জন্য প্রিমিয়াম দিতে হবে না। মেয়াদ শেষে পূর্ণ মেয়াদের অর্জিত বোনাসসহ মূল বীমা অঙ্ক প্রদান।
- যদি ৫ বছর চালু থাকার পর যে সন্তানের জন্য এ বীমা নেয়া হয়, সে সন্তান মারা যায়, তাহলে ১ বছরের প্রিমিয়াম বাদ দিয়ে অর্জিত বোনাসহ মোট (৫-১)= ৪×৬০,৯০০ + বোনাস ২,৪৩,৬০০ + (৫২ × ৫ × ১০০০) = ৫,০৩,৬০০/- টাকা।

### দাবী নিস্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি:

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**
১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**
দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি- ১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৪। জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬।কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ০১/০৬/২০২৩